



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
প্রশাসন শাখা
গাজীপুর-১৭০১
www.sca.gov.bd

স্মারক নম্বর: ১২.০৪.০০০০.০০০.০০৫.২১.০০০১.২৫.৫৪

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক গোপনীয় অনুবেদন সুষ্ঠু ব্যবস্থাপনার নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর করবেন।

(১) প্রতিবছর অনুবেদনাধীন কর্মচারী সরকার কর্তৃক নির্ধারিত ফর্মে তাঁর ব্যক্তিগত তথ্যাদি লিপিবদ্ধ করে স্বাস্থ্য পরীক্ষাসহ (প্রয়োজ্য ক্ষেত্রে) ২০ জানুয়ারির মধ্যে অনুবেদনাধীন কর্মচারী পূর্ববর্তী বছরের প্রয়োজ্য (বার্ষিক/আংশিক) ২ (দুই) প্রস্থ গোপনীয় অনুবেদন আবশ্যিকভাবে সংশ্লিষ্ট অনুবেদনকারীর নিকট অনুবেদনের জন্য দাখিল করবেন।

(২) প্রতিবছর অনুবেদনকারী ২০ ফেব্রুয়ারির মধ্যে গোপনীয় অনুবেদন ফর্মে তাঁর জন্য নির্ধারিত অংশ যথাযথভাবে অনুস্বাক্ষর করে আবশ্যিকভাবে প্রতিস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করবেন।

(৩) প্রতিবছর প্রতিস্বাক্ষরকারী ২০ মার্চের মধ্যে গোপনীয় অনুবেদন ফর্মে তাঁর জন্য নির্ধারিত অংশ যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে আবশ্যিকভাবে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করবেন।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা এবং 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এর নীতিমালা ২.৬.৪, ২.৬.৫ ও ২.৬.৬ অনুসরণপূর্বক বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক প্রেরণ নিশ্চিতকরণ অথবা কোন বছর/সময়ে এসিআর প্রয়োজ্য না হলে উপর্যুক্ত প্রমাণকসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করার অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

(১) ACR Low Summary-2020

০৭-০১-২০২৬
ড. মোঃ সাইফুল আলম
পরিচালক (রকটিন দায়িত্ব)
+৮৮০-২-৪৯২৭২২০০
director@sca.gov.bd

আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার
বীজ প্রত্যয়ন এজেন্সী, সকল অঞ্চল।

স্মারক নম্বর: ১২.০৪.০০০০.০০০.০০৫.২১.০০০১.২৫.৫৪/১(৬)

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ/ মাঠ প্রশাসন পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
- ২। মুখ্য বীজ প্রযুক্তিবিদ, কেন্দ্রীয় বীজ পরীক্ষাগার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
- ৩। উপপরিচালক (সকল), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
- ৪। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, সকল জেলা।
- ৫। অতিরিক্ত উপ-পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর (পত্রটি বীজ প্রত্যয়ন এজেন্সীর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস নথি, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।



০৭-০১-২০২৬
এম, এম, শাহ নেয়াজ
উপ-পরিচালক